

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
শৃঙ্খলা শাখা  
Mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৫.২০- ২২৮

তারিখ: ৩০ পৌষ ১৪২৭  
১৪ জানুয়ারি ২০২১

বিষয়ঃ ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, শেরপুর এর বিবুকে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা বৃজুকরণ।

### অভিযোগনামা

আপনি, ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, শেরপুর এর বিবুকে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, শেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রের গুদামের দ্ব্য সামগ্রী নীতিমালা অনুযায়ী সংরক্ষণ না করে এলোমেলোভাবে সংরক্ষণ করেন। মেয়াদ উত্তীর্ণ ঔষধপত্র/দ্রব্য সামগ্রীর কোন তালিকা সংরক্ষণ করেননি;

০২। যেহেতু, শেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রের গুদাম সংক্রান্ত একটি মাত্র আইসিআর (ইনভেন্ট্রি কন্ট্রোল রেজিস্টার) পাওয়া গেলেও উক্ত আইসিআর এ আপনার কোন স্বাক্ষর নেই এবং ১৯/০৯/২০১৯ তারিখের পরে আইসিআর আপডেট করা হয়নি। আপনার মনিটরিং ও সুপারভিশন এর অভাব এবং কেন্দ্রে কর্মরত কর্মচারীদের উপর নিয়ন্ত্রণ ও সমন্বয়ের অভাবে ঔষধপত্র/দ্রব্য সামগ্রী মেয়াদ উত্তীর্ণ হয়ে বিশৃঙ্খলভাবে গুদামে সংরক্ষণ করা হয়েছে;

০৩। যেহেতু, আপনি মেয়াদ উত্তীর্ণ ঔষধপত্র/দ্রব্য সামগ্রী ধ্বংস করার বিষয়ে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেননি। এছাড়া আপনি নিয়মিতভাবে গুদামে রাস্কিত ঔষধপত্র/দ্রব্য সামগ্রী যাচাই/বাছাই করেননি। আপনার দায়িত্ব অবহেলার কারণে বিপুল পরিমাণ ঔষধপত্র/দ্রব্য সামগ্রীর মেয়াদ উত্তীর্ণ হয়েছে। বিষয়টি বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশিত হওয়ায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

০৪। যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে এবং আপনার উক্ত কার্যকলাপ অসংগত, চাকরির শৃঙ্খলার জন্য হানিকর ও কর্তব্যে অবহেলার শামিল। আপনার এহেন কার্যকলাপ ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ধারা মোতাবেক অসদাচরণ এর পর্যায়ভুক্ত যা উক্ত বিধিমালার বিধি ৩ এর (খ) মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

০৫। সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮’ এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগে অভিযুক্ত করা হাল্ত। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক সরকারি ‘চাকুরী হইতে বরখাস্তকরণ’ দ্বন্দ্ব প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিয়মস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনান চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে হবে। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদ্বিতীয়ে সংযুক্ত করা হলো।

১৩/০১/২১  
(মোঃ আলী নূর)  
সচিব


ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান  
মেডিকেল অফিসার (ক্লিনিক)  
মা ও শিশু কল্যাণ কেন্দ্র, শেরপুর।

নং -৫৯.০০.০০০.১১৭.২৭.০৫৫.২০- ২.২.৮

তারিখ: ৩০ পৌষ ১৪২৭  
১৪ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য (জ্যোষ্ঠার ত্রুমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
(তথ্যটি রেজিস্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, শেরপুর।
- ৫। সিন্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অন্ত শাখায় প্রেরণের জন্য  
অনুরোধ করা হ'ল)।

  
১৪/০১/২০২১

(উম্মে কুলসুম)

উপসচিব

ফোন: ৯৮৪৬৩৭৬

Email: [disc1@mefwd.gov.bd](mailto:disc1@mefwd.gov.bd)